গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বেতার-২ অধিশাখা
ভবন নং-৪, কক্ষ নং-৮০৫
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২২.৩৪.০২২.১৩.৩২০ তারিখঃ ০৯ আশ্বিন ১৪২৩ / ২৪ সেপ্টেম্বর ২০১৬

বিষয়: ‘কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০১৬’ এর খসড়ার উপর মতামত প্রদান প্রসঙ্গে।

কমিউনিটি রেডিও-এর কার্যক্রম আরও বেগবান, টেকসই ও সম্প্রসারিতকরণের লক্ষ্যে এর স্থাপন, পরিচালনা ও সম্প্রচার কার্যক্রম সংশ্লিষ্ট বিদ্যমান ২০০৮ সালের নীতিমালাটি যুগোপযোগী করে প্রণীত ‘কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০১৬’ এর খসড়া এই মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moi.gov.bd) প্রকাশ করা হলো।

আগামী ১৫ কার্যদিবসের মধ্যে খসড়া নীতিমালাটির ওপর মতামত পত্র বা ই-মেইলযোগে নিম্ন ঠিকানায় প্রেরণের জন্য নির্দেশক্রমে সর্বসাধারণকে অনুরোধ করা হলো।

২৪/৯/১৬
(মোহাম্মদ ইসমাইল হসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬২০
E-mail:sas.betar2@moi.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। খসড়া নীতিমালার কপি এ সঙ্গে সংযুক্ত পূর্বক উহা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ ~~মাঝখানে কাটা~~ শব্দগুলি বিদ্যমান ২০০৮ সালের নীতিমালা থেকে বাদ এবং **কালো ব্লক** করা শব্দগুলি প্রস্তাবিত ২০১৬ সালের নীতিমালায় সংযোজনের প্রস্তাব করা হয়েছে।

## কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০১৬ (খসড়া)

**ভূমিকাঃ**

যোগাযোগের মাধ্যম হিসেবে সহজলভ্যতা, তাৎক্ষণিকতা ও সর্বত্রগামিতার নিরিখে বেতারের ভূমিকা অনস্বীকার্য। বিজ্ঞান ও তথ্য প্রযুক্তির অভূতপূর্ব বিকাশের পরও তাই এই মাধ্যমটির গুরুত্ব উন্নত, উন্নয়নশীল ও স্বল্পোন্নত কোনো দেশে হ্রাস পায়নি। এ কারণেই বাংলাদেশে ১৯৩৯ সালের ১৬ই ডিসেম্বর ঢাকায় বেতার স্বল্পপরিসরে যাত্রা শুরু করে কালের বিবর্তনে গুণে মানে কলেবরে বহুধা বিস্তৃত হয়ে বর্তমান অবস্থায় পৌঁছেছে। বাংলাদেশ বেতার দেশের প্রাচীনতম এবং একক বৃহত্তম পাবলিক সার্ভিস ব্রডকাস্টার হিসেবে বিগত প্রায় সাত দশক ধরে তথ্য, বিনোদন ও শিক্ষার পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি এবং সর্বোপরি জাতীয় উন্নয়নে সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে। অবাধ তথ্য প্রবাহের যুগে বহুমাত্রিক উপযোগিতার দাবী মেটাতে দেশে ব্যক্তি মালিকানায় বাণিজ্যিক এফএম বেতার কেন্দ্র চালু রয়েছে। প্রধানতঃ নগরকেন্দ্রিক এ সকল চ্যানেল বিনোদন অনুষ্ঠান সম্প্রচার করে থাকে। ~~কিন্তু সমাজের একেবারে তৃণমূল পর্যায়ের বিভিন্ন সম্প্রদায় ও জনগোষ্ঠীর জন্য সম্পূর্ণ নিবেদিত কোনো বেতার এখনো দেশে গড়ে উঠেনি। প্রান্তিক এই জনগোষ্ঠীর মুখের ভাষায় তাঁদের অংশগ্রহণ ও ব্যবস্থাপনায় স্থাপিত ও পরিচালিত হতে পারে কমিউনিটি রেডিও স্টেশন, যেখানে তাদের আশা আকাঙ্খার প্রতিফলন ঘটবে, স্থানীয় জনসাধারণের লোকজ জ্ঞান, সম্পদ ও সংস্কৃতি, আধুনিক জ্ঞান ও আধুনিক প্রযুক্তির সমন্বয় ঘটবে। কমিউনিটি রেডিও দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশ যেমন ভারত, শ্রীলংকা ও মালয়েশিয়ায় চালু করা হয়েছে। এ বাস্তবতার আলোকে বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠী ও বিভিন্ন সম্প্রদায়ের (নিজস্ব) কমিউনিটি রেডিও থাকা অত্যাবশ্যক।~~ **এরই ধারাবাহিকতায় ২০০৮ সালের নীতিমালার আওতায় বাংলাদেশে সমাজের তৃণমূল পর্যায়ের বিভিন্ন সম্প্রদায় ও জনগোষ্ঠীর জন্য নিবেদিত বেশ কিছু বেতার কেন্দ্র গড়ে ওঠেছে। কমিউনিটি রেডিও হিসাবে পরিচিত এ সকল বেতার কেন্দ্র প্রান্তিক জনগোষ্ঠীর মুখের ভাষায় তাঁদের অংশগ্রহণ ও ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। এর সুফল হিসাবে এগুলো তাদের আশা-আকাঙ্খা, স্থানীয় লোকজ জ্ঞান, সম্পদ ও সংস্কৃতি, আধুনিক জ্ঞান ও প্রযুক্তির সমন্বয় ঘটিয়ে উন্নততর সমাজ বিনির্মাণে অবদান রাখছে। সমাজ উন্নয়নের হাতিয়ার হিসাবে কমিউনিটি রেডিও-এর অবদান আরও প্রসারিত ও সুগম করার লক্ষ্যে এর স্থাপন, পরিচালনা ও সম্প্রচার কার্যক্রমের বর্তমান নীতিমালাটি বাতিলপূর্বক যুগোপযোগী একটি নতুন নীতিমালা প্রণয়নের আবশ্যকতা দেখা দেওয়ায় এই নতুন নীতিমালা জারি করা হলো।**

১.০ ~~সংজ্ঞা কমিউনিটি রেডিওঃ-~~ **কমিউনিটি রেডিও'র ধারণা:**

ক. **১.১** 'কমিউনিটি' হচ্ছে একটি নির্দিষ্ট জনগোষ্ঠী যার অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ সমধর্মী কিছু লোকজ, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক বৈশিষ্টের অধিকারী। তারা সুনির্দিষ্ট ভৌগোলিক অবস্থান যেমন কোনো বিশেষ শহর, গ্রাম কিংবা মহল্লার মধ্যে থেকে পাস্পরিক আদান-প্রদানে অংশগ্রহণ করে ব্যবসা-বাণিজ্য, বিপণন, সেবা ও মালামাল লেনদেনের মাধ্যমে একই অর্থনৈতিক ও সামাজিক জীবনের অভিন্ন অংশীদার হয়ে থাকে।

খ. **১.২** 'কমিউনিটি রেডিও' ~~সম্প্রচার কর্মকান্ডের নিয়ন্ত্রণে থাকবে একটি অলাভজনক সেবামূলক প্রতিষ্ঠান।~~ **হচ্ছে একটি কল্যাণমূলক সম্প্রচার মাধ্যম যার মালিকানা, ব্যবস্থাপনা ও পরিচালনায় থাকে তৃণমূল পর্যায়ের কোন নির্দিষ্ট জনগোষ্ঠী। এটি মূলতঃ অলাভজনক ভিত্তিতে পরিচালিত হয়।** ~~এর মালিকানায় থাকবে নির্দিষ্ট কোনো গোষ্ঠী বা দল এবং এটি পরিচালিত হবে ট্রাস্ট, ফাউন্ডেশন অথবা কোনো এসোসিয়েশনের মাধ্যমে।~~ এর উদ্দেশ্য হচ্ছে কমিউনিটিকে সেবা প্রদান করা এবং স্থানীয় লোকজ, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক জীবন-বিকাশের সুযোগ তৈরি করে দেওয়া। **কমিউনিটি রেডিও কোনো নির্দিষ্ট ক্ষুদ্র ভৌগলিক এলাকার জনগোষ্ঠীর প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে কাজ করে।** ~~এটি এক প্রকার জনসেবামূলক সম্প্রচার প্রতিষ্ঠান যা সমগ্র জাতির উন্নতির পরিবর্তে কোনো নির্দিষ্ট জনগোষ্ঠীকে নিয়ে কাজ করবে। কমিউনিটি রেডিও একটি~~ **এটি** কমিউনিটির নিজস্ব সম্পদ যা একটি জনপদের নিজস্ব ধ্যান-ধারণা, বিচার-বিবেচনা ও চিন্তা-চেতনার যথাযথ প্রতিফলন ~~ঘটাবে~~ **ঘটায়**।

গ. **১.৩** কমিউনিটি রেডিও এমন একটি মাধ্যম যা তৃণমূল পর্যায়ের মানুষের আত্মপ্রকাশ ও বিকাশের ক্ষেত্র প্রস্তুত করে ; **এবং** প্রান্তিক মানুষের প্রকাশ বাহন ~~এবং~~ **ও** তাদের যোগাযোগের মূল মাধ্যম হিসাবে কাজ করে। সর্বোপরি এটি সমাজের গণতান্ত্রিক প্রক্রিয়াকে জোরদার করে।

ঘ. ~~কমিউনিটি রেডিও হচ্ছে একটি সম্প্রচার পদ্ধতি যা কোনো বিশেষ জনগোষ্ঠীর প্রচেষ্টায় প্রতিষ্ঠিত এবং যা জনগোষ্ঠীর কল্যাণে পরিচালিত হয়।~~

**১.৪** **কমিউনিটি রেডিও সরকারী ব্যবস্থাপনা এবং বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত বেতার সম্প্রচারের বাইরে তৃতীয় মডেল হিসাবে পরিচিত।**

## কমিউনিটি রেডিও'র মৌলিক নীতিসমূহ:

আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য কমিউনিটি রেডিও'র মূলনীতিগুলো বাংলাদেশেও অনুসৃত হবে। কোনো সংস্থা বা প্রতিষ্ঠান যদি কমিউনিটি রেডিও পরিচালনা করতে চায় তাহলে সে সংস্থা বা প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত ~~নীতিমালা~~ শর্তসমূহ প্রতিপালন করতে হবেঃ-

| | | |
|---|---|---|
| | ~~ক.~~<br>২.১ | ~~সংস্থা বা প্রতিষ্ঠানটিকে অবশ্যই অলাভজনক হতে হবে;~~<br>কমিউনিটি রেডিও অলাভজনক ভিত্তিতে কোন সংস্থা, প্রতিষ্ঠান বা গোষ্ঠী কর্তৃক পরিচালিত হবে; |
| | ~~খ.~~<br>২.২ | ~~কমিউনিটি রেডিও'র সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার কমপক্ষে পাঁচ বছর কমিউনিটি পর্যায়ে কাজ করার অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে;~~<br>সম্প্রচার অনুষ্ঠানসূচিতে কমিউনিটি শিক্ষা, স্বাস্থ্য ও সমাজ, নারীর অধিকার, গ্রামীণ ও এলাকাভিত্তিক উন্নয়ন, পরিবেশ, আবহাওয়া, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী প্রচারণা, সাংস্কৃতিক ও অন্যান্য উন্নয়ন বিষয় অন্তর্ভুক্ত হবে এবং এতে সংশ্লিষ্ট কমিউনিটিভুক্ত জনগোষ্ঠীর সম্পৃক্ততা থাকবে; |
| | ~~গ.~~<br>২.৩ | ~~কমিউনিটি রেডিও স্টেশনকে অবশ্যই নিশ্চিত ও সুনির্দিষ্টভাবে কমিউনিটি'র লোকজনকে সেবা প্রদান করতে হবে;~~<br>কমিউনিটি রেডিও স্টেশনসমূহ উদ্দিষ্ট জনগোষ্ঠীর সেবা প্রদান ও তাদেরকে বেতার অনুষ্ঠান সম্প্রচারে অন্তর্ভুক্তকরণে বদ্ধপরিকর থাকবে; |
| | ~~ঘ.~~<br>২.৪ | ~~সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নির্দিষ্ট জনগোষ্ঠীর ধ্যানধারণার প্রতিফলন সমৃদ্ধ একটি পরিচালনা পর্ষদ থাকতে হবে;~~<br>সম্প্রচার কার্যক্রমে গ্রামীণ জনগোষ্ঠী অগ্রাধিকার লাভ করবে; |
| | ~~ঙ.~~<br>২.৫ | ~~সম্প্রচার অনুষ্ঠানসূচিতে কমিউনিটি শিক্ষা, স্বাস্থ্য ও সমাজ, নারীর অধিকার, গ্রামীণ ও এলাকাভিত্তিক উন্নয়ন, পরিবেশ, আবহাওয়া, সাংস্কৃতিক বিষয় অন্তর্ভুক্ত থাকতে হবে এবং এতে অবশ্যই জনগোষ্ঠীর সংশ্লিষ্টতা থাকতে হবে;~~<br>মূল ধারার গণমাধ্যমের সুযোগ ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী কমিউনিটি রেডিও স্থাপনের ক্ষেত্রে অগ্রাধিকার লাভ করবে; |
| | ~~চ.~~<br>২.৬ | ~~সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানটির অবশ্যই আইনগত বৈধতা থাকতে হবে; এবং~~<br>প্রান্তিক এবং সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়ন কাজে নিয়োজিত প্রতিষ্ঠান বা সংস্থা কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে অগ্রাধিকার পাবে । |
| | ~~ছ.~~ | ~~সম্প্রচারের পরীক্ষামূলক সম্প্রচার পর্বে গ্রামীণ জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিতে হবে। মূল ধারার গণমাধ্যমের সুযোগ এবং সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী কমিউনিটি রেডিও স্থাপনের ক্ষেত্রে অগ্রাধিকার লাভ করবে।~~ |
| ৩.০ | | **~~বাংলাদেশে~~ কমিউনিটি রেডিও স্থাপন ও পরিচালনার অনুমতি/লাইসেন্স প্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা:-** |
| | ৩.১ | কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ আবেদন করার যোগ্য ~~হবে বলে~~ হিসাবে বিবেচিত হবে: |
| | ~~ক.~~<br>৩.১.১ | ~~সরকারি~~ গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ~~সংস্থা বা~~ প্রতিষ্ঠান ~~সমূহ যা ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি প্রতিপালন করবে~~; |
| | ~~খ.~~<br>৩.১.২ | বেসরকারি উন্নয়ন সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ যাদের ~~কমপক্ষে পাঁচ বছরের~~ সংশ্লিষ্ট কমিউনিটি পর্যায়ে দারিদ্র বিমোচন/গণমাধ্যম/তথ্যপ্রযুক্তি সম্পর্কিত এবং উন্নয়নমূলক কাজের ন্যূনপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা আছে ~~এবং যারা ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি প্রতিপালন করবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার অবশ্যই আইনগত বৈধতা থাকতে হবে কিংবা এনজিও ব্যুরোর রেজিস্ট্রিভুক্ত হতে হবে।~~ |
| | ৩.১.৩ | আবেদনকারী প্রতিষ্ঠান বা সংস্থার আইনগত বৈধতা থাকতে হবে কিংবা এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত হতে হবে; |
| | ৩.১.৪ | সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের কমিউনিটি পর্যায় বা প্রান্তিক জনগোষ্ঠীর ধ্যানধারণার প্রতিফলন সমৃদ্ধ একটি পরিচালনা পর্ষদ থাকতে হবে যা একটি গঠনতন্ত্রের আওতায় পরিচালিত হবে। |
| | ৩.২ | **নিম্নলিখিত সংস্থা বা প্রতিষ্ঠান কমিউনিটি রেডিও পরিচালনার জন্য ~~যোগ্য বলে বিবেচিত হবে না :~~ অযোগ্য বলে বিবেচিত হবে:** |
| | ~~ক.~~<br>৩.২.১ | ব্যক্তিগত বা যৌথভাবে পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠান; |

| | | |
|---|---|---|
| | খ.<br>৩.২.২ | রাজনৈতিক দল বা তাদের অংগ ও সহযোগী সংগঠন যেমন- ছাত্র সংগঠন, ট্রেড ইউনিয়ন ইত্যাদি; |
| | গ.<br>৩.২.৩ | দেশি-বিদেশি যে সব কোম্পানি ও প্রতিতষ্ঠানসমূহ যারা মালিক বা শেয়ার হোল্ডারকে লভ্যাংশ প্রদান করে থাকে; |
| | ঘ.<br>৩.২.৪ | আন্তর্জাতিক/বিদেশী বেসরকারি সংস্থা বা বিদেশী সম্প্রচার সংস্থা/চ্যানেল; এবং |
| | ঙ.<br>৩.২.৫ | সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা। ; এবং |
| | ৩.২.৬ | উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত বা ফৌজদারী অপরাধে দন্ডিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা। |
| ৪.০ | **লাইসেন্সিং প্রক্রিয়া :** | |
| | ৪.১ | বাংলাদেশে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে আগ্রহী যোগ্য প্রতিষ্ঠান বা সংস্থাকে এ সংক্রান্ত লাইসেন্স প্রাপ্তির জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করতে হবে-<br>কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসৃত হবে: |
| | ৪.১.১ | সরকার জনস্বার্থে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে আগ্রহী যোগ্য প্রতিষ্ঠান বা সংস্থার নিকট হতে এ সংক্রান্ত অনুমোদন ও লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে নির্ধারিত ছকে আবেদন আহবান করবে; |
| | ৪.১.২ | গৃহীত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই পূর্বক যোগ্য আবেদনকারী নির্বাচনের জন্য তথ্য মন্ত্রণালয় একটি রেগুলেটরি কমিটি ও একটি কারিগরি উপ কমিটি গঠন করবে;<br>আবেদনপত্রে বর্ণিত দলিলাদি ছাড়াও নিম্নবর্ণিত দলিলাদি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে-<br>(ক) আবেদনকারী যে ধরনের অনুষ্ঠান প্রচার করতে ইচ্ছুক তার একটি সংক্ষিপ্ত রূপরেখা;<br>(খ) উদ্দিষ্ট জনগোষ্ঠীর বিবরণ;<br>(গ) প্রস্তাবিত রেডিও স্টেশনের অবৈতনিক ব্যবস্থাপনা কাঠামো এবং অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার নীতিমালা যাতে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের মাত্রার বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ থাকবে;<br>(ঘ) কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের তহবিলের উৎস। কোনো বেসরকারি সংস্থার সাহায্য নেয়া হলে বা বেসরকারি সংস্থা নিজে উদ্যোক্তা হলে বিদ্যমান আইন অনুযায়ী এনজিও বিষয়ক ব্যুরো থেকে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণের প্রমাণপত্র; |
| | ৪.১.৩ | কারিগরী উপ-কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে যোগ্য আবেদনকারী নির্বাচন করে জাতীয় রেগুলেটরী কমিটির নিকট সুপারিশসহ পেশ করবে; |
| | ৪.১.৩<br>৪.১.৪ | কারিগরি উপ কমিটি ও জাতীয় রেগুলেটরি কমিটি কর্তৃক নির্বাচিত আবেদনকারী সংস্থা বা প্রতিষ্ঠানসমূহের ব্যাপারে সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করা করতে হবে; |
| | ৪.১.৪<br>৪.১.৫ | অনুমোদন প্রদানের পূর্বে তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) হতে থেকে 'ফ্রিকোয়েন্সি প্রাপ্যতার সম্ভাব্যতা' 'ফ্রিকোয়েন্সি প্রাপ্যতা'-এর প্রতিবেদন গ্রহণ করবে। এছাড়া লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থাকে সম্প্রচার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থাকে বিটিআরসি থেকে ফ্রিকোয়েন্সি (তরঙ্গ) বরাদ্দ নিতে হবে; |
| | ৪.১.৫ | পরীক্ষামূলক সম্প্রচার পর্বে একটি প্রতিষ্ঠান বা সংস্থা কেবলমাত্র একটি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনার লাইসেন্স পাবেন; |
| | ৪.১.৬ | প্রাথমিক অনুমোদন প্রাপ্তির ১(এক) বছরের মধ্যে আবেদনকারীকে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন করতে হবে; কমিউনিটি রেডিও ষ্টেশন স্থাপনের লক্ষ্যে রেডিও যন্ত্রপাতি আমদানি ও প্রতিস্থাপনের জন্য অবশ্যই দেশের প্রচলিত আইন, বিধিবিধান মেনে চলতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থাকে বিটিআরসি'র শর্তসমূহ প্রতিপালন করতে হবে। চূড়ান্ত অনুমোদন/লাইসেন্স পাওয়ার পর সম্প্রচার কার্যক্রম শুরু করবে। প্রথমে পরীক্ষামূলক প্রকল্প হিসেবে অনুমোদন প্রাপ্তির তারিখ হতে দুই বছরের জন্য পরীক্ষামূলক লাইসেন্স দেয়া হবে। |
| | ৪.১.৬ | উল্লিখিত নির্ণায়কসমূহের আলোকে যোগ্য হিসাবে বিবেচিত আবেদনকারীকে প্রাথমিক পর্যায়ে কেবলমাত্র একটি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের জন্য সরকার সাময়িক লাইসেন্স প্রদান করবে; |

| | |
|---|---|
| ৪.১.৭ | সাময়িক লাইসেন্স প্রাপ্তির এক বৎসরের মধ্যে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। অন্যথায় প্রদত্ত লাইসেন্স বাতিলযোগ্য বলে গণ্য হবে। তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার আবেদনক্রমে সরকার যুক্তিসঙ্গত মনে করলে এ সময়সীমা বৃদ্ধি করতে পারবে; |
| ৪.১.৮ | কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানি ও প্রতিস্থাপনের জন্য দেশের প্রচলিত আইন ও বিধিবিধান মেনে চলতে হবে। এছাড়া সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থাকে বিটিআরসি'র শর্তসমূহ পরিপালন করতে হবে; |
| ৪.১.৯ | উল্লিখিতমতে রেডিও স্টেশন স্থাপনের পরবর্তী এক বৎসরের মধ্যে পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রম চালু করতে হবে। ব্যর্থতায় সরকার জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিলের প্রক্রিয়া শুরু করতে পারবে; |
| ৪.১.১০ | পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রম পরিচালনার মেয়াদ হবে এক বৎসর। উক্ত মেয়াদান্তে পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রম সরকারের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে নির্ধারিত শর্তসমূহ পরিপালনের শর্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনক্রমে চূড়ান্ত লাইসেন্স প্রদান করা হবে। নির্ধারিত ফি পরিশোধপূর্বক উহা বাৎসরিক ভিত্তিতে নবায়ন করা যাবে; |
| ৪.১.১১ | চূড়ান্ত লাইসেন্স প্রাপ্তির পর কোন প্রতিষ্ঠান বা সংস্থা সরকারের অনুমোদনক্রমে সর্বোচ্চ তিনটি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনা করতে পারবে। সেক্ষেত্রে ভৌগলিক কভারেজ বিবেচনা করা হবে; |
| ৪.১.১২ | কোন কমিউনিটি রেডিও চূড়ান্ত লাইসেন্স প্রাপ্তি ও সন্তোষজনক সম্প্রচার কার্যক্রম পরিচালনার পর সরকারের পূর্বানুমোদন এবং এতদসংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানের শর্তসাপেক্ষে একই অনুষ্ঠানমালা অনলাইনে সম্প্রচার করতে পারবে। |
| ৪.২ | ~~লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে নিম্নোক্ত শর্তাবলী পূরণ করতে হবেঃ~~ |
| ক. | ~~কোনো প্রতিষ্ঠান বা সংস্থা যে এলাকায় কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে আগ্রহী সেখানকার স্থানীয় জনগণের সাথে উন্নয়নমূলক কাজের অন্ততঃপক্ষে পাঁচ বছরের প্রমাণিত অভিজ্ঞতা থাকতে হবে;~~ |
| খ. | ~~কোনো প্রতিষ্ঠান বা সংস্থা যে ধরনের অনুষ্ঠান প্রচার করতে ইচ্ছুক তার একটি সংক্ষিপ্ত রূপরেখা তৈরি করে আবেদন পত্রের সাথে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;~~ |
| গ. | ~~প্রস্তাবিত রেডিও স্টেশনের ব্যবস্থাপনা কাঠামো, অনুষ্ঠান নির্মাণ এবং সম্প্রচারে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের মাত্রার বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;~~ |
| ঘ. | ~~কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের তহবিলের উৎস জানাতে হবে। কোনো বেসরকারি সংস্থার সাহায্য নেয়া হলে বা বেসরকারি সংস্থা নিজে উদ্যোক্তা হলে বিদ্যমান আইন অনুযায়ী এনজিও এফেয়ার্স ব্যুরো থেকে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে;~~ |
| ঙ. | ~~যে সকল প্রতিষ্ঠান বা সংস্থা প্রান্তিক এবং সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়নের জন্য কাজ করছে তাদের আবেদনকে অগ্রাধিকার প্রদান করা হবে।~~ |
| ~~৪.৩~~ ৪.২ | **লাইসেন্স ফি ও জামানত:**<br>কমিউনিটি রেডিও একটি উন্নয়নমূলক প্রয়াস এবং অলাভজনক প্রতিষ্ঠান বিধায় বিবেচনায় সরকার ~~এ জন্য~~ নিম্নরূপ যুক্তিযুক্ত লাইসেন্স ফি ধার্য করেছে। ~~প্রাথমিকভাবে প্রতিটি স্টেশনের জন্য লাইসেন্স ফি ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা এবং বাজেয়াপ্তযোগ্য জামানত ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ধার্য করা হয়। সরকার যে কোনো সময় এ ফি বা জামানতের পরিমান পুন:নির্ধারণের পূর্ণ ক্ষমতা রাখে। ফ্রিকোয়েন্সি ফি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক নির্ধারিত হবে।~~ |
| ৪.২.১ | সাময়িক লাইসেন্স গ্রহণকালে অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানকে জামানত বাবদ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা এবং প্রতিটি স্টেশনের জন্য লাইসেন্স ফি বাবদ ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা পরিশোধ করতে হবে; |
| ৪.২.২ | পরীক্ষামূলক সম্প্রচার কার্যক্রমের পর চূড়ান্ত লাইসেন্স গ্রহণকালে লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিশোধ করতে হবে; |
| ৪.২.৩ | ফ্রিকোয়েন্সি ফি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক নির্ধারিত হবে। |
| ৪.২.৪ | সরকার উক্ত জামানত ও ফি পুন:নির্ধারণ করতে পারবে। |
| ৪.৩ | **লাইসেন্স নবায়ন ফি:** |
| ৪.৩.১ | প্রতি অর্থ বছরের জন্য লাইসেন্স নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা; |

| | | |
|---|---|---|
| | ৪.৩.২ | অর্থবছর শেষ হওয়ার ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে এবং কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে ব্যর্থ হলে ৩,০০০/- (তিন হাজার) টাকা সারচার্জ পরিশোধ করে পরবর্তী অর্থবছরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে লাইসেন্স নবায়ন করতে হবে। সরকার প্রয়োজনে এ সারচার্জ পুন:নির্ধারণ করতে পারবে; |
| | ৪.৩.৩ | সরকার উক্ত নবায়ন ফি ও সারচার্জ পুন:নির্ধারণ করতে পারবে। |
| | ৪.৫ | **নাম পরিবর্তন/লাইসেন্স হস্তান্তরে বিধি-নিষেধ:** সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কমিউনিটি রেডিও'র নাম পরিবর্তন বা লাইসেন্স স্বত্ব হস্তান্তর করা যাবে না। লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের কোন সাংগঠনিক পরিবর্তনের প্রস্তাব করা হলে তা লিখিতভাবে সরকারকে অবহিত করে অনুমোদন গ্রহণ করতে হবে। কোনো সংস্থা বা এলাকার নামে রেডিও স্টেশনের নামকরণ করা যাবে না। |
| | ৪.৬ | **লাইসেন্স স্থগিত ও বাতিলকরণ:** সরকার নিম্নোক্ত এক বা একাধিক কারণে লাইসেন্স স্থগিত বা বাতিল করতে পারবে- |
| | ৪.৬.১ | লাইসেন্স/চুক্তি সংক্রান্ত সরকারের কোন পাওনা পরিশোধ করতে ব্যর্থ হলে; |
| | ৪.৬.২ | বিটিআরসি'র তরঙ্গ বরাদ্দপত্রের কোন শর্ত ভঙ্গ করলে; এবং |
| | ৪.৬.৩ | এই নীতিমালা বা লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করলে। |
| ৫.০ | কারিগরি কাঠামো: | |
| | ৫.১ | প্রত্যেকটি কমিউনিটি রেডিও স্টেশনের ব্যাপ্তি হবে এর অবস্থানকে কেন্দ্র করে চতুর্দিকে ১৭ ২৫ কিলোমিটার। এ জন্য সর্বোচ্চ ১০০ ২৫০ ওয়াট সম্প্রচার শক্তির ট্রান্সমিটার ব্যবহার করা যাবে; ~~তথ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কারিগরি উপ কমিটি ও জাতীয় রেগুলেটরী কমিটির সুপারিশ সাপেক্ষে উদ্দিষ্ট জনগোষ্ঠির অবস্থান বা অসমতল ভৌগলিক অবস্থার ক্ষেত্রে ট্রান্সমিটারের ক্ষমতা ১০০ ওয়াট হতে বৃদ্ধি করে ২৫০ ওয়াট পর্যন্ত করা যেতে পারে;~~ |
| | ৫.২ | এন্টিনা টাওয়ারের উচ্চতা হবে ভূমি থেকে সর্বোচ্চ ৩২ মিটার। তবে অনুমোদনকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে ছড়িয়ে ছিটিয়ে থাকা জনবসতিপূর্ণ এলাকা যেমন- চরাঞ্চল, পাহাড়ি এলাকাতে কাঙ্খিত কাভারেজ পাওয়ার জন্য উল্লেখিত উচ্চতার তারতম্য হতে পারে। সকল ক্ষেত্রে এন্টিনা গেইন অবশ্যই ৬ ডিবি -এর মধ্যে সীমিত রাখতে হবে; |
| | ৫.৩ | এফএম ব্যান্ডে ন্যাশানাল ফ্রিকোয়েন্সি এ্যালোকেশান প্ল্যান অনুযায়ী কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনার জন্য স্থান নির্দিষ্ট করে ফ্রিকোয়েন্সি (তরঙ্গ) প্রদান করা হবে। |
| ৬.০ | ~~নীতিমালার অন্যান্য~~ প্রচার সংক্রান্ত শর্তাবলী: | |
| | ৬.১ | অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থাকে নিশ্চিত করতে হবে যে সম্প্রচারিত অনুষ্ঠানের মধ্যে এমন কিছুই অন্তর্ভুক্ত হবে না যা- |
| | ৬.১.১ | ~~অন্য দেশের সমালোচনা করে বা বাংলাদেশের সঙ্গে অন্য দেশের গুরুত্বপূর্ণ সম্পর্ক কে ক্ষতিগ্রস্ত করে;~~ জাতীয় আদর্শ বা উদ্দেশ্যের প্রতি কোন প্রকার ব্যঙ্গ বা বিদ্রুপ,বাংলাদেশের জনগণের অবমাননা অথবা একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশের অখন্ডতা বা সংহতি ক্ষুণ্ন করতে পারে; |
| | ৬.১.২ | ~~প্রকাশ্যে অথবা অপ্রকাশ্যে যে কোন ধর্ম, সম্প্রদায় অথবা জাতিগোষ্ঠির প্রতি কটাক্ষ করা হয়, যাতে সম্প্রদায় বা জনগোষ্ঠীর মধ্যে বিদ্বেষ তৈরী হয়, যার ফলে উপদলীয় দৃষ্টিভঙ্গির প্রকাশ ঘটে, যা জাতিগত অসন্তোষ তৈরী করে এবং সম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করে;~~ বিচ্ছিন্নতা বা অসন্তোষ সৃষ্টির লক্ষ্যে জাতি বা শ্রেণী বিদ্বেষ প্রচার, কোন ধর্মের প্রতি বিদ্রুপ, অবমাননা বা আক্রমণ, বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়, বর্ণ বা মতাবলম্বীদের মধ্যে বিদ্বেষ বা বিভেদ সৃষ্টি করতে পারে; ~~বা দলীয় দৃষ্টি ভঙ্গি~~ |
| | ~~৬.১.৩~~ | ~~অশ্লীল, মানহানিকর যে কোন বিষয় অথবা কোন ব্যক্তি (বর্গ), দল বা সংস্থার বিরুদ্ধে ভুল তথ্য পরিবেশন বা দলীয় দৃষ্টি ভঙ্গি প্রকাশ করে;~~ |
| | ৬.১.৪ | ~~হিংসা বা দ্বেষকে উৎসাহিত বা প্ররোচিত করার আশংকা থাকে অথবা আইন শৃংখলা পরিপন্থী অথবা বিজাতীয় ধারণা বা মনোভাবকে উৎসাহিত করে;~~ অনুষ্ঠান বা বিজ্ঞাপন দেশের প্রচলিত আইন,রীতি-নীতি, ঐতিহ্য ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে; |
| | ৬.১.৫ | আদালত অবমাননা অথবা দেশের ঐক্য বিনষ্ট করে; |

| | | |
|---|---|---|
| | ৬.১.৬ | রাষ্ট্র ~~এবং~~ বা সরকারের বিরূপ সমালোচনা ~~এবং~~ ও অহেতুক রটনা করে; |
| | ~~৬.১.৭~~ | ~~দেশের কাউকে ব্যক্তিগত, দলীয় অথবা সমাজের কোন অংশকে অপবাদ বা কুৎসা রটনার মধ্য দিয়ে সমালোচনা করে;~~ |
| | ~~৬.১.৮~~ | ~~কুসংস্কার ও অন্ধ বিশ্বাসে উৎসাহ দেয়;~~ |
| | ~~৬.১.৯~~ ৬.১.৭ | শিশু ও নারী সমাজকে অবহেলা করে; |
| | ~~৬.১.১০~~ | ~~শিশুকে অবহেলা করে;~~ |
| | ~~৬.১.১১~~ ৬.১.৮ | প্রতিবন্ধীকে অবহেলা করে; |
| | ~~৬.১.১২~~ ৬.১.৩ | এ্যালকোহল, মাদক ও ধূমপানে উৎসাহিত প্রদান এবং সমর্থন করে; |
| | ~~৬.১.১৩~~ | ~~জাতিগোষ্ঠী, জাতীয়তা, লিঙ্গ, ধর্ম, বর্ণ, বয়স অথবা শারীরিক বা মানসিক প্রতিবন্ধীতার কারণে কোন বক্তি, দলের বিরুদ্ধে দেওয়া, কুৎসা রটনা করে বা ঘৃণা প্রকাশ করে বা করার উদ্যোগ নেয় ;~~ |
| | ~~৬.১.১৪~~ | ~~ধর্মীয় অনুভূতি বা সংবেদনশীলতাকে হীনস্বার্থে ব্যাবহারের চেষ্টা করা হয়;~~ |
| | ~~৬.১.১৫~~ | ~~কোন ধর্মীয় দৃষ্টিভঙ্গি ও বিশ্বাসকে খাটো করে দেখা হয়।~~ |
| | ৬.২ | **নিম্নোক্ত তথ্য প্রচার করা যাবে না-** |
| | ৬.২.১ | কোন ব্যক্তির ব্যক্তিগত বা গোপনীয় বা মর্যাদা হানিকর তথ্য প্রচার করা যাবে না; |
| | ৬.২.২ | রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এমন ধরনের সামরিক,বেসামরিক বা সরকারি তথ্য প্রচার করা যাবে না, |
| | ৬.২.৩ | কোন অনুষ্ঠান বা বিজ্ঞাপনে সশস্ত্র বাহিনী, আইন-শৃংখলা রক্ষায় নিয়োজিত কোন সংস্থা এবং অপরাধ রোধ, অনুসন্ধান ও তদন্ত এবং অপরাধীকে দন্ড প্রদানের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের প্রতি কটাক্ষ বা বিদ্রুপ কিংবা তাদের পেশাগত ভাবমূর্তি বিনষ্ট করতে পারে এমন কোন বক্তব্য প্রচার করা যাবে না; |
| | ৬.২.৪ | কোন বিদেশী রাষ্ট্রের অনুকূলে এমন ধরনের প্রচারণা যা বাংলাদেশ ও সংশ্লিষ্ট দেশের মধ্যে বিরোধের কোন একটি বিষয়কে প্রভাবিত করতে পারে অথবা বন্ধুভাবাপন্ন বিদেশী রাষ্ট্রের বিরুদ্ধে এমন ধরনের প্রচারণা যার ফলে সে রাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে সুসম্পর্ক ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা সৃষ্টি করতে পারে এমন বক্তব্য প্রচার করা যাবে না; |
| | ৬.২.৫ | কোন জনগোষ্ঠী,জাতি বা দেশের মর্যাদা বা ইতিহাসের জন্য ক্ষতিকর ঘটনা/বিন্যাস বা তথ্যের বিকৃতি ঘটায় এমন কিছু প্রচার করা যাবে না; |
| | ৬.২.৬ | জনস্বার্থ বিঘ্নিত হতে পারে এমন কোন বিদ্রোহ,নৈরাজ্য এবং হিংসাত্মক ঘটনা প্রচার করা যাবে না; |
| | ৬.২.৭ | দুর্নীতিকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উৎসাহ প্রদান করে এ ধরনের অনুষ্ঠান বা বিজ্ঞাপন প্রচার করা যাবে না; |
| | ৬.২.৮ | বিভিন্ন ধর্ম বা ধর্মমতাবলম্বীদের মধ্যে বিদ্বেষ বা বিভেদ সৃষ্টি করতে পারে এমন অনুষ্ঠান বা বিজ্ঞাপন প্রচার করা যাবে না; |
| | ৬.২.৯ | ধর্মীয় মূল্যবোধ এবং অসাম্প্রদায়িক চেতনায় আঘাত সৃষ্টি করতে পারে বা আইনশৃংখলা ভঙ্গ করতে উৎসাহ প্রদান করতে পারে অথবা আইন-শৃংখলা ভঙ্গের প্রতি সহানুভূতি সৃষ্টি করে এমন ধরনের অনুষ্ঠান বা বক্তব্য প্রচার পরিহার করতে হবে। |
| ৭.০ | **বিজ্ঞাপন সংক্রান্ত শর্তাবলী:** | |
| | ৭.১ | বিজ্ঞাপন উন্নয়ন ও জনসচেতনামূলক হতে হবে এবং নির্দিষ্ট ক্ষেত্রে সীমাবদ্ধ থাকতে হবে; |
| | ৭.২ | শুধুমাত্র প্রাতিষ্ঠানিক ব্যয় নির্বাহের জন্য দৈনিক মোট প্রচার সময়ের সর্বোচ্চ শতকরা ১০ (দশ) ভাগ সময় বাণিজ্যিক বিজ্ঞাপন প্রচার করা যাবে; |
| | ৭.৩ | অর্থায়নকারীরা সংশ্লিষ্ট অনুষ্ঠান বা অনুষ্ঠানমালার বিষয়বস্তু কিংবা স্টাইল এবং স্টেশনের নীতিমালার ব্যাপারে কোন প্রভাব বিস্তার করতে পারবে না; এবং |
| | ৭.৪ | বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্দেশনা এবং সময়ে সময়ে জারিতব্য আইন/বিধি/নির্দেশনা প্রযোজ্য হবে। |

| | | |
|---|---|---|
| ৭. ৮.০ | অন্যান্য নির্দেশাবলী: | |
| | ৭.১ | ~~কমিউনিটি রেডিও পরিচালনার মৌলিক উদ্দেশ্য হবে উদ্দিষ্ট জনগোষ্ঠীর সেবা করা এবং তাদেরকে বেতার অনুষ্ঠান সম্প্রচারে অন্তর্ভুক্ত করা;~~ |
| | ৭.২ | ~~কেবল অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনা করতে পারবে:~~ |
| | ৭.২.১ ৮.১ | লাইসেন্সপ্রাপ্ত প্রতিটি স্টেশনের জন্য একটি ব্যবস্থাপনা কমিটি থাকবে। স্টেশন পরিচালনা এবং ব্যবস্থাপনায় উদ্দিষ্ট জনগোষ্ঠী সদস্যদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। অনুষ্ঠান নির্মাণের ক্ষেত্রে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে; |
| | ৭.২.২ | ~~প্রতিটি স্টেশনে স্থানীয় প্রশাসন, যেমন উপজেলা নির্বাহী অফিসার (UNO) অতিরিক্ত জেলা প্রশাসক (যেখানে ষ্টেশন জেলা শহরে অবস্থিত), অতিরিক্ত পুলিশ সুপারের সমমর্যাদার পুলিশ কর্মকর্তা, জাতি গঠনমূলক কাজে নিয়োজিত বিভাগসমূহ যেমন- কৃষি, মৎস্য, পশুসম্পদ, বন ও পরিবেশ অধিদপ্তর, আবহাওয়া অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, বাংলাদেশ বেতারের স্থানীয় ষ্টেশনের প্রতিনিধি, স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের অংশগ্রহণে একটি করে উপদেষ্টা কমিটি গঠন করতে হবে।~~ |
| | ৭.২.৩ ৮.২ | ~~অনুমতি/~~লাইসেন্সপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠানকে স্টেশন ব্যাবস্থাপনা ও ~~অনুষ্ঠানে~~ অনুষ্ঠান পরিচালনার ক্ষেত্রে সমতা ও ~~ন্যায়নিষ্ঠা~~ ন্যায়বিচার সমুন্নত রাখতে জাতি, বর্ণ, ধর্ম, শারীরিক প্রতিবন্ধীতা ও লিঙ্গ বিবেচনা সাপেক্ষে প্রান্তিক জনগোষ্ঠীকে বিশেষ অগ্রাধিকার প্রদান ~~করবে~~ করতে হবে; |
| | ৭.২.৪ ৮.৩ | ~~অনুমতি/লাইসেন্স প্রাপ্ত~~ স্টেশন কর্তৃপক্ষেক আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে কমিউনিটির লোকদের দক্ষতা বৃদ্ধি নিশ্চিত ~~করবে।~~ করতে হবে; |
| ৭.৩ | | ~~দু'বছরের জন্য লাইসেন্স প্রদান করা হবে। অনুমোদনের বিধি ও শর্ত মেনে চললে এবং বিধি ভঙ্গ না করলে, সফল সমাপ্তি শেষে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পূর্বোক্ত সময় সীমার মতো অনুমোদনের সময়সীমা গ্রহীতা সংস্থার আবেদনের প্রেক্ষিতে নবায়ন করা যাবে।~~ |
| ৭.৪ | | ~~লাইসেন্স স্বত্ব হস্তান্তর করা যাবে না। গ্রহীতা প্রতিষ্ঠানের কোন সাংগঠনিক পরিবর্তন হলে তা তাৎক্ষনিক লিখিতভাবে সরকারকে অবহিত করতে হবে।~~ |
| ৭.৫ | ৮.৪ | বাংলাদেশ ~~বেতার যদি~~ বেতারে স্থানীয় বিষয় সংশ্লিষ্ট কোন অনুষ্ঠান ~~সম্প্রচার হয় তাহলে~~ সম্প্রচারিত হলে উক্ত অনুষ্ঠান বিভিন্ন কমিউনিটি রেডিও স্টেশনের মধ্যে ~~অনুষ্ঠান~~ বিনিময়ের অনুমতি দেয়া যেতে পারে। জাতীয় গুরুত্বপূর্ণ অথবা কোন নির্দিষ্ট এলাকা সম্পর্কিত কোন অনুষ্ঠান বাংলাদেশ বেতারে সম্প্রচারিত হওয়ার পর সংশ্লিষ্ট এলাকার কমিউনিটি রেডিও ষ্টেশনগুলোতে সে অনুষ্ঠান পূন:প্রচার করতে হবে। যেমন জাতির উদ্দেশ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী~~/উপদেষ্টা~~র ভাষণ, কোনো জাতীয় দিবস উদযাপনের ক্ষেত্রে বিশেষ অনুষ্ঠান ও আবহাওয়া সংবাদ, সরকার বা বাংলাদেশ বেতার কর্তৃক প্রেরিত অনুষ্ঠান সরাসরি সম্প্রচার বা পুনঃপ্রচার করতে হবে। এছাড়া জনস্বার্থে প্রদত্ত সরকারি নির্দেশ এবং এলাকা/কমিউনিটি ভিত্তিক অনুষ্ঠানমালা কমিউনিটি রেডিও ষ্টেশনের মাধ্যমে বিনামূল্যে সম্প্রচার করতে হবে~~।~~ ; |
| ৭.৬ | ৮.৫ | কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানমালার বিষয়বস্তুর মধ্যে কৃষি, বয়স্ক ও শিশু শিক্ষা, জেন্ডার ইস্যু, প্রাথমিক স্বাস্থ্য, পরিবেশ ও আবহাওয়া, সমাজকল্যাণ, ~~বর্তমান~~ বাজার দর, কৃষিজাত পণ্যের চাহিদা, গ্রামীণ এবং এলাকা ভিত্তিক উন্নয়ন, শিশুর যত্ন, মাতৃ স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা, বাংলাদেশ বেতারের জাতীয় সংবাদ, স্থানীয় জনগোষ্ঠির আয়বৃদ্ধির ও অন্যান্য উন্নয়ন বিষয়গুলোকে প্রাধান্য দিতে হবে। অর্থাৎ কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানমালায় সংশ্লিষ্ট জনগোষ্ঠির স্বার্থ বিশেষভাবে প্রতিফলিত হবে~~।~~ ; |
| ৭.৭ | ৮.৬ | কমিউনিটি রেডিও'তে সম্প্রচারিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট জনগোষ্ঠির ~~সদস্যদের~~ সদস্যগণ অনুষ্ঠান পরিকল্পনা, বাস্তবায়ন, পরিচালনা ও মূল্যায়নে অংশগ্রহণ ~~নিশ্চিত করতে হবে~~ করবেন; ~~অর্থাৎ সংশ্লিষ্ট জনগোষ্ঠী কমিউনিটি রেডিও'র সকল অনুষ্ঠানের পরিকল্পনা, বাস্তবায়ন, পরিচালনা ও মূল্যায়নে অংশগ্রহণ করবেন।~~ |
| | ৭.৭.১ ৮.৭ | লাইসেন্সপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠান ~~গ্রহীতা~~ সংশ্লিষ্ট কমিউনিটির প্রেক্ষাপটে তার রেডিও'তে সম্প্রচারিত অনুষ্ঠানমালার মূল্যায়নের পাশাপাশি কমিউনিটির জনগণের অংশগ্রহণ বৃদ্ধির জন্য বিভিন্ন সুযোগ সুবিধা দেয়ার মাধ্যমে তাদের আগ্রহ বাড়ানোর পরিকল্পনা করবেন; |

| | | |
|---|---|---|
| | ~~৭.৭.২~~<br>৮.৮ | উন্নয়ন ইস্যু ও নীতির ~~ব্যাপারে উপজেলা~~ বিষয়ে মাঠ পর্যায়ের সরকারি ~~কর্মকর্তার~~ কর্মকর্তাগণের বক্তব্য কমিউনিটি ~~রেডিও স্টেশনে সম্প্রচারিত হবে~~ রেডিওতে প্রচার করা যাবে ; |
| | ~~৭.৭.৩~~<br>৮.৯ | অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে একটি নির্দিষ্ট অনুষ্ঠানে স্থানীয় তথ্য, ঘটনা ~~এবং~~ ও প্রজ্ঞাপন ~~(নোটিফিকেশন),~~ এবং স্থানীয় সংস্কৃতি, পরিচয় ~~এবং~~ ও ~~স্থানীয়~~ ভাষাকে তুলে ধরতে হবে; |
| | ~~৭.৭.৪~~<br>৮.১০ | অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে প্রমিত বাংলা ভাষা ব্যবহার করতে হবে। পাশাপাশি অনুষ্ঠান কাঠামো, বিষয়বস্তু, উপস্থাপনা ও ভাষা ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই স্থানীয় ও আঞ্চলিক সংস্কৃতির প্রতিফলন ঘটাতে হবে; |
| ~~৭.৮~~ | ৮.১১ | কমিউনিটি রেডিও স্থানীয় মাধ্যম হিসেবে কাজ করে ~~তাই~~ বিধায় তারা স্থানীয় উন্নয়ন সংবাদ ~~সম্প্রচারের অনুমতি দেয়া হবে~~ প্রচার করতে পারবে। তবে ~~যে কোন ধরনের~~ রাজনৈতিকসহ ~~বিষয় সম্প্রচার,~~ সকল প্রকার নির্বাচনী প্রচার ও বিজ্ঞাপন ~~কঠোরভাবে নিষিদ্ধ করা হবে~~ প্রচার করা যাবে না। কমিউনিটি রেডিও শুধু দেশী-বিদেশী রেকর্ডকৃত বিনোদনমূলক ও প্রামাণ্য অনুষ্ঠান বেতার সেন্সর নীতিমালা অনুসরণ সাপেক্ষে সীমিতভাবে প্রচার করতে পারবে। বিদেশী সম্প্রচার সংস্থা/চ্যানেলের সংবাদ ও চলতি ঘটনাভিত্তিক অনুষ্ঠান, আলোচনা ও টকশো যৌথ প্রযোজনার মাধ্যমে সরাসরি বা রেকর্ড করে সম্প্রচার করতে পারবে না; |
| ~~৭.৯~~ | | ~~নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে উন্নয়নমূলক সেবা সংশ্লিষ্ট বিজ্ঞাপন প্রচার করা যাবে।~~ |
| | ~~৭.৯.১~~ | ~~বিজ্ঞাপন উন্নয়নমূলক সেবা সংশ্লিষ্ট হতে হবে এবং নির্দিষ্ট ক্ষেত্রে সীমাবদ্ধ থাকতে হবে;~~ |
| | ~~৭.৯.২~~ | ~~কমিউনিটি রেডিও স্টেশন নিশ্চিত করবে যে অনুষ্ঠান অর্থায়নকারীরা সংশ্লিষ্ট অনুষ্ঠান বা অনুষ্ঠানমালার বিষয়বস্তু বা স্টাইল এবং স্টেশনের নীতিমালার ব্যাপারে কোন প্রভাব বিস্তার করছে না।~~ |
| | ~~৭.৯.৩~~ | ~~বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্দেশনা অনুসরণ করতে হবে।~~ |
| ~~৭.১০~~ | ৮.১২ | ~~প্রয়োজনে যে কোন~~ জনস্বার্থে স্থানীয় সরকারি কর্তৃপক্ষ ~~যে~~ নিজ প্রশাসনিক এলাকার আওতাভুক্ত কোন কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম নিয়ন্ত্রণ ~~ও মনিটর~~ করতে পারবে। তবে উক্তরূপ নিয়ন্ত্রণের বিষয়টি কারণ উল্লেখপূর্বক যথাশীঘ্র সরকার তথা তথ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে; ~~তাই লাইসেন্স গ্রহীতাকে এ ধরণের যে কোন নিয়ম কানুন মেনে চলতে হবে।~~ |
| ~~৭.১১~~ | ৮.১৩ | লাইসেন্সপ্রাপ্ত ~~গ্রহীতা তথ্য মন্ত্রণালয়ের~~ সংস্থা/প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ষ্টেশনের কার্যক্রম সম্পর্কে ত্রৈমাসিক রিপোর্ট নিয়মিতভাবে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে। লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থা প্রাথমিক পর্যায়ে অনুষ্ঠানমালার রেকর্ডপত্র সংরক্ষণ করবেন। এ ক্ষেত্রে যে কোন ধরনের ব্যর্থতার জন্য সরকার প্রয়োজন হলে, সংশ্লিষ্ট জমাকৃত জামানত বাজেয়াপ্তকরণসহ ~~অনুমতি~~/লাইসেন্স বাতিল করতে পারবে; |
| ~~৭.১২~~ | ৮.১৪ | সরকার কিংবা সরকার অনুমোদিত প্রতিনিধি যে কোন কমিউনিটি রেডিও স্টেশন ও এর স্থাপনা পরিদর্শন এবং উদ্দিষ্ট জনগোষ্ঠির স্বার্থ সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করতে পারবে; |
| ~~৭.১৩~~ | ৮.১৫ | জাতীয় নিরাপত্তা বা জরুরী অবস্থা/যুদ্ধ অথবা বিরোধমূলক পরিস্থিতি ও অভ্যন্তরীণ গোলযোগ অথবা এ জাতীয় কোন পরিস্থিতির কারণে সরকার যে কোন সংখ্যক বা সকল কমিউনিটি রেডিও স্টেশন অধিগ্রহণ বা এর/এগুলোর কার্যক্রম স্থগিত করতে পারবে। এসকল ক্ষেত্রে সরকার যে কোন সংখ্যক বা সকল কমিউনিটি রেডিও স্টেশন-এর অনুমতি/লাইসেন্স বাতিল করার অধিকার এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তিকে প্রচলিত আইনের আওতায় আনার ক্ষমতা ~~রাখে।~~ সংরক্ষণ করে; |
| ~~৭.১৪~~ | ৮.১৬ | কোন এলাকা বা জায়গায় সম্প্রচার কেন্দ্র স্থাপনের অনুমতি প্রদান করা হবে সে ক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হবে। কোন বিশেষ বার্তা সম্প্রচারের জন্য বা প্রত্যাশিত ও জরুরী প্রয়োজনে বা জনস্বার্থে বা প্রাকৃতিক দূর্যোগের ক্ষেত্রে সরকারি নির্দেশ সংশ্লিষ্ট কমিউনিটি রেডিও-কে অবশ্যই মানতে হবে; |
| ~~৭.১৫~~ | ৮.১৭ | ~~লাইসেন্স গ্রহীতাকে অডিট করা বার্ষিক হিসাব এবং বার্ষিক রিপোর্ট সরকারের কাছে জমা দিতে হবে।~~ লাইসেন্সপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠানকে নিরীক্ষিত বার্ষিক হিসাব এবং বার্ষিক প্রতিবেদন অর্থ বছর শেষ হওয়ার পরবর্তী তিন মাসের মধ্যে সরকারের নিকট দাখিল করতে হবে; |
| ~~৭.১৬~~ | | ~~নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স গ্রহীতা সম্প্রচার কার্যক্রম শুরু করতে ব্যর্থ হলে সরকার অনুমতি/লাইসেন্স বাতিল করতে পারবে।~~ |
| ~~৭.১৭~~ | ৮.১৮ | কমিউনিটি রেডিও সম্প্রচার কর্তৃপক্ষের নিজস্ব উৎস, সামর্থ্য বাড়ানো, প্রযুক্তি গবেষণা ও মূল্যায়নের ক্ষেত্রে গুণগত মান বৃদ্ধির জন্য সরকার কমিউনিটি রেডিও উন্নয়ন তহবিল গড়ে তোলার ব্যাপারে পদক্ষেপ নিতে পারবে; |

| | | |
|---|---|---|
| | ৮.১৯ | লাইসেন্সপ্রাপ্ত সংশ্লিষ্ট সংস্থা/ ~~বা~~ প্রতিষ্ঠানকে তরঙ্গ ও বেতার যন্ত্র ব্যবহারের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক আরোপিত সকল ~~শর্তাবলী~~ শর্ত মেনে চলতে হবে; |
| ~~৭.১৯~~ | ৮.২০ | কমিউনিটি রেডিও স্টেশনের জন্য স্থাপিত টাওয়ার বেসরকারী টেলিফোন অপারেটরদেরকে ব্যবহার করতে দেয়া যাবে না। এছাড়া অন্য কোন বেসরকারী কাজেও এসব টাওয়ার ব্যবহার করা যাবে না; |
| ~~৭.২০~~ | ৮.২১ | কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনকারী প্রতিষ্ঠান/সংস্থা নিজস্ব অর্থায়নের সশস্র আনসার দ্বারা স্টেশনের সার্বিক নিরাপত্তা বিধান করবে; এবং ~~জাতীয় নিরাপত্তার পরিপন্থি কোন সম্প্রচার হয়েছে কি না এ মর্মে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিমাসে একটি প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করবে;~~ |
| ~~৭.২১~~ | ৮.২২ | জনস্বার্থে অথবা যথাযথ ~~সম্প্রচারের জন্য~~ সম্প্রচার ~~অথবা~~ বা জননিরাপত্তার স্বার্থে সরকার ~~নীতিমালার বিধি ও শর্ত~~ এ নীতিমালা বা এর কিয়দংশ পরিবর্তের অধিকার সংরক্ষণ করে; । |
| ~~৭.২২~~ | | ~~জনস্বার্থে অথবা সরকারি বিধি বিধান অমান্য করার দায়ে সরকার যে কোন সময় কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কমিউনিটি রেডিও স্টেশনের অনুমতি/লাইসেন্স বাতিলের অধিকার সংরক্ষণ করে;~~ |
| ~~৮.~~ ৯.০ | ~~৮.১~~ | ~~কমিউনিটি রেডিও~~ সম্প্রচার কার্যক্রম মনিটরিং :<br>সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা প্রতিনিধি বা সংস্থা কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম ও মনিটরিং ও নথিপত্র পরীক্ষা-নিরীক্ষা করতে পারবে এবং প্রয়োজনে সম্প্রচারকৃত কোনো অনুষ্ঠানের সিডি (CD) স্থানীয় কর্তৃপক্ষের কাছে কমিউনিটি রেডিও স্টেশন জমা দিতে বাধ্য থাকবে। |
| | ~~৮.২~~ | ~~উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি, বাংলাদেশ বেতারের স্থানীয় স্টেশনের প্রতিনিধি, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সমন্বয়ে একটি স্থানীয় উপদেষ্টা কমিটি গঠন করতে হবে। ঐ কমিটি নিয়মিতভাবে সংশ্লিষ্ট কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম মনিটর করবে এবং প্রতি মাসে সরকারের নিকট একটি প্রতিবেদন জমা দেবে ;~~ |
| | ~~৮.৩~~ | ~~উপদেষ্টা কমিটি কমিউনিটি রেডিও স্টেশনের শক্তি ও দূর্বলতার নিরিখে সংশ্লিষ্ট স্টেশনকে প্রয়োজনীয় পরামর্শ দেবে ;~~ |
| | ~~৮.৪~~ | ~~কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানে উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের অংশগ্রহণকে উপদেষ্টা কমিটি উৎসাহিত করবে।~~ |
| | ~~৮.৫~~ | ~~কমিউনিটি রেডিও'র মাধ্যমে উন্নয়ন বিষয়ক বিজ্ঞাপন/সরকারি বিজ্ঞাপন দেয়ার ব্যাপারে উপদেষ্টা কমিটি সংশ্লিষ্টদের উৎসাহিত করবে ;~~ |
| | ~~৮.৬~~ | ~~অনুষ্ঠানের মান উন্নয়নের জন্য কমিউনিটি রেডিও'র গঠিত উপদেষ্টা কমিটি সময় সময় প্রয়োজনীয় কাউন্সেলিং সেবা দেবে;~~ |
| | ~~৮.৭~~ | ~~তথ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কেন্দ্রীয় মনিটরিং কমিটি কমিউনিটি রেডিও পরিচালনা সংক্রান্ত সার্বিক বিষয়ে তদারকি করবে এবং সময় সময় মন্ত্রণালয়কে অবহিত করবে।~~ |

| | | | |
|---|---|---|---|
| ১০.০ | জাতীয় রেগুলেটরি কমিটি: | | |
| | ১০.১ | কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তা ও বিশিষ্ট নাগরিকগণের সমন্বয়ে একটি 'জাতীয় রেগুলেটরি কমিটি' থাকবে: | |
| | (১) | সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সভাপতি |
| | (২) | অতিরিক্ত সচিব (সম্প্রচার) তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| | (৩) | মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য |
| | (৪) | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা ( ন্যূনতম যুগ্ম-সচিব) | সদস্য |
| | (৫) | প্রতিনিধি, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ন্যূনতম যুগ্ম-সচিব) | সদস্য |
| | (৬) | বিটিআরসি-এর একজন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক বা তদুর্ধ পর্যায়ের) | সদস্য |
| | (৭) | বিশিষ্ট নাগরিক (সরকার কর্তৃক মনোনীত) | সদস্য |
| | (৮) | বিশিষ্ট নাগরিক (সরকার কর্তৃক মনোনীত) | সদস্য |
| | (৯) | যুগ্ম-সচিব (বেতার), তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সদস্য -সচিব |
| | ১০.২ | কমিটির কার্যপরিধি: | |
| | (ক) | কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা পরিবর্তন, সংশোধন করা এবং প্রযোজ্য যাবতীয় নীতিমালা যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা; | |
| | (খ) | কমিউনিটি রেডিও সম্প্রচার সংক্রান্ত আইন-কানুন ও বিধি-বিধান পর্যালোচনা করা এবং সময়োপযোগী সংশোধনী সম্পর্কে পরামর্শ প্রদান করা; | |
| | (গ) | কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার লক্ষ্যে ''কারিগরি উপ-কমিটি'' কর্তৃক সুপারিশকৃত প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করে সরকারের অনুমোদনের জন্য পেশ করা; এবং | |
| | (ঘ) | "কারিগরী উপ-কমিটি" এবং ''কেন্দ্রীয় মনিটরিং কমিটি''-এর প্রতিবেদন পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | |
| ১১.০ | জাতীয় রেগুলেটরি কমিটির 'কারিগরি উপ-কমিটি': | | |
| | ১১.১ | কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার লক্ষ্যে 'জাতীয় রেগুলেটরি কমিটি'-র নিয়ন্ত্রণাধীনে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি 'কারিগরি উপ-কমিটি'থাকবে: | |
| | (১) | প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা | সভাপতি |
| | (২) | বাংলাদেশ টেলিভিশনের সিনিয়র প্রকৌশলী বা তদুর্ধ পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| | (৩) | বুয়েট-এর একজন উপযুক্ত প্রতিনিধি (সহকারী অধ্যাপক পর্যায়ের) | সদস্য |
| | (৪) | বিটিআরসি'র একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| | (৫) | সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য-সচিব |

| | | |
|---|---|---|
| | ১১.২ | কমিটির কার্যপরিধি : |
| | (ক) | কমিউনিটি রেডিও স্থাপনের জন্য ন্যূনতম পেশাগত ও কারিগরি মান নিরূপণ করা; |
| | (খ) | প্রাপ্ত আবেদন বা প্রস্তাবনাসমূহের সামগ্রিক পেশাগত ও কারিগরি বিষয়গুলো পরীক্ষা করে মেধা-ক্রমানুসারে বিন্যাস করে তালিকা প্রণয়ন এবং জাতীয় রেগুলেটরি কমিটি'র বিবেচনার জন্য উপস্থাপন করা; |
| | (গ) | নতুন রেডিও স্টেশন স্থাপনের পর কারিগরী বিষয়সমূহ সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কিনা তা সরেজমিনে পরিদর্শনপূর্বক উহার পরীক্ষামূলক সম্প্রচার শুরুর বিষয়ে মতামত প্রদান; |
| | (ঘ) | প্রয়োজন মাফিক 'কেন্দ্রীয় মনিটরিং কমিটি'-কে বিভিন্ন ভাবে সহায়তা করা। |

| | | | |
|---|---|---|---|
| .০ | কমিউনিটি রেডিও'র কার্যক্রম মনিটরিং-এর জন্য 'কেন্দ্রীয় মনিটরিং কমিটি': | | |
| | ১২.১ কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা ও বিশেষজ্ঞ প্রতিনিধি সমন্বয়ে একটি 'কেন্দ্রীয় মনিটরিং কমিটি' থাকবে: | | |
| | (১) | মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা | সভাপতি |
| | (২) | মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| | (৩) | উপ-সচিব (বেতার-২), তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| | (৪) | উপ-মহাপরিচালক (বার্তা), বাংলদেশ বেতার, ঢাকা | সদস্য |
| | (৫) | প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য |
| | (৬) | বিটিআরসি'র প্রতিনিধি | সদস্য |
| | (৭) | কমিউনিটি রেডিও বিষয়ক একজন বিশেষজ্ঞ (সরকার কর্তৃক মনোনীত) | সদস্য |
| | (৮) | উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য-সচিব |
| | ১২.২ কমিটির কার্যপরিধি: | | |
| | (ক) | কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০১৬ এর অনুচ্ছেদ নং ৬, ৭ ও ৮ এর শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা; | |
| | (খ) | এই নীতিমালার অনুচ্ছেদ নং ৫ অনুযায়ী কারিগরি কাঠামোর শর্তাবলী লঙ্ঘিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা; | |
| | (গ) | কোন কমিউনিটি রেডিও-এর অনুকূলে চূড়ান্ত সম্প্রচারের অনুমতির বিষয়ে মতামত প্রদান; | |
| | (ঘ) | কমিউনিটি রেডিও পরিচালনা সংক্রান্ত সার্বিক বিষয় তদারক করা; এবং | |
| | (ঙ) | ত্রৈমাসিক ভিত্তিতে একটি সামগ্রিক পর্যবেক্ষণ প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা। | |

| | | | |
|---|---|---|---|
| ১৩.০ | কমিউনিটি রেডিও'র কার্যক্রম পর্যবেক্ষণের জন্য 'স্থানীয় উপদেষ্টা কমিটি': | | |
| | ১৩.১ কমিউনিটি রেডিও'র কার্যক্রম স্থানীয় পর্যায়ে পর্যবেক্ষণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে স্থানীয় উপদেষ্টা কমিটি থাকবে: | | |
| | (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| | (২) | স্থানীয় পৌরসভা/উপজেলা পরিষদের নির্বাচিত প্রতিনিধি | সদস্য |
| | (৩) | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| | (৪) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | সদস্য |
| | (৫) | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| | (৬) | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| | (৭) | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| | (৮) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| | (৯) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| | (১০) | জেলা তথ্য অফিসারের প্রতিনিধি | সদস্য |
| | (১১) | বাংলাদেশ বেতারের নিকটস্থ কেন্দ্র/ইউনিটের প্রতিনিধি | সদস্য |
| | (১২) | মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| | (১৩) | এলাকার একজন বিশিষ্ট নাগরিক | সদস্য |
| | (১৪) | স্থানীয় বিদ্যুত বিভাগের প্রতিনিধি | সদস্য |
| | (১৫) | সংশ্লিষ্ট কমিউনিটি রেডিওর প্রতিনিধি | সদস্য-সচিব |
| | (ক) উপদেষ্টা কমিটিকে পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিষদের চেয়ারম্যান কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন;<br>(খ) রেডিও স্টেশনটি জেলা শহরে অবস্থিত হলে সেক্ষেত্রে জেলা পরিষদের চেয়ারম্যান উপদেষ্টা এবং একজন অতিরিক্ত জেলা প্রশাসক-এর সভাপতিত্বে উপরিউক্ত প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠিত হবে। এক্ষেত্রে সদর উপজেলা নির্বাহী অফিসার সদস্য হিসাবে থাকবেন;<br>(গ) কমিটি এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে। | | |

| | | |
|---|---|---|
| | ১৩.২ কমিটির কার্যপরিধি: | |
| | (ক) | কমিউনিটি রেডিও'র কার্যক্রম তদারক করা এবং প্রতিমাসে একটি প্রতিবেদন কেন্দ্রীয় মনিটরিং কমিটি ও তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা; |
| | (খ) | কমিউনিটি রেডিও স্টেশনের শক্তি ও দুর্বলতার নিরিখে সংশ্লিষ্ট স্টেশনকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা; |
| | (গ) | কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানে উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের অংশগ্রহণকে উৎসাহিত করা; |
| | (ঘ) | কমিউনিটি রেডিও'র মাধ্যমে উন্নয়ন বিষয়ক বিজ্ঞাপন/সরকারি বিজ্ঞাপন প্রচারের জন্য উৎসাহিত করা; এবং |
| | (ঙ) | কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানের মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় কাউন্সেলিং সেবা প্রদান করা। |
| ১৪.০ | আত্মপক্ষ সমর্থনের সুযোগ: | |
| | ১৪.১ | কমিউনিটি রেডিও'র লাইসেন্স বাতিল করার পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হবে; |
| | ১৪.২ | আত্মপক্ষ সমর্থন করে নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্সধারী কোন বক্তব্য প্রদান করে থাকলে তা বিবেচনা করে সরকার জরিমানা/জামানত বাজেয়াপ্তকরণ অথবা যথাযথ ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত লাইসেন্স স্থগিত রাখার নির্দেশ দিতে পারবে; এবং |
| | ১৪.৩ | কোন লাইসেন্স স্থগিত বা বাতিল করার পর্যায়ে সরকার আশু ব্যবস্থা গ্রহণ সমীচীন বিবেচনা করলে সংশ্লিষ্ট সম্প্রচার কেন্দ্রের প্রচার বন্ধ বা স্থগিত করার উদ্দেশ্যে উক্ত কেন্দ্রের যে কোন বা সকল যন্ত্রপাতি জব্দ করার আদেশ দিতে পারবে। |
| ১৫.০ | রহিতকরণ ও হেফাজত:<br>এ নীতিমালা কার্যকর হওয়ার সাথে সাথে ইতোপূর্বে জারিকৃত ''কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০০৮'' বাতিল বলে গণ্য হবে। তবে উক্ত নীতিমালার আওতায় ইতিমধ্যে গৃহীত যাবতীয় কার্যক্রমের বৈধতা অক্ষুণ্ন থাকবে। জাতীয় সম্প্রচার আইন প্রণীত হওয়ার পর উক্ত আইনের বিধান অনুসরণে বিভিন্ন ফি ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয় নির্ধারিত হবে।<br>সমাপ্ত | |

বিঃদ্রঃ ~~মাঝখানে কাটা~~ শব্দগুলি বিদ্যমান ২০০৮ সালের নীতিমালা থেকে বাদ এবং কালো ব্লক করা শব্দগুলি প্রস্তাবিত ২০১৬ সালের নীতিমালায় সংযোজনের প্রস্তাব করা হয়েছে।